Janata Bank Limited. Janata Bank Limited. Janata Bank Limited. Janata Bank Limited.

# বিনিয়োগ হিসাব পরিচালনা সংক্রান্ত শর্তাবলী ও অঙ্গীকারণামা

বিনিয়োগ হিসাব নম্বর ঃ

জনতা ব্যাংক লিমিটেড
মার্চেন্ট ব্যাংকিং ইউনিট
৫৭, পুরানা পল্টন (২য় তলা), প্রধান কার্যালয়, ঢাকা-১০০০

## বিষয় ঃ বিনিয়োগ হিসাব পরিচালনা সংক্রান্ত শর্ত ও অঙ্গীকারণামা।

মহোদয়,

আমি/আমরা উল্লেখিত বিনিয়োগ হিসাব পরিচালনা করার জন্য জনতা ব্যাংক লিমিটেড কে সম্পূর্ন ক্ষমতা প্রদান করিতেছি এবং জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এবং জারীতব্য শর্তাবলী মানিয়া চলিবার অঙ্গীকার করিতেছি।

## শর্তাবলী

ক। বাংলাদেশের যে কোন প্রাপ্ত বয়স্ক ও সুস্থ মস্তিষ্ক সম্পন্ন নাগরিক, কোম্পানী এবং সংবিধিবদ্ধ সংস্থা এককভাবে একটি এবং অন্য একজন ব্যক্তির সাথে যুগ্মভাবে একটি অর্থাৎ সর্বোচ্চ দুইটি বিনিয়োগ হিসাব খুলিতে পারিবেন। দুই এর অধিক ব্যক্তি যুগ্ম হিসাব খুলিতে পারিবেন না। কোম্পানী এবং সংবিধিবদ্ধ সংস্থার ক্ষেত্রে সংঘ বিধি ও সংঘ স্মারক সহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করিতে হইবে।

খ। কোন ব্যক্তি কেবলমাত্র একবারই একটি যৌথ হিসাব খুলিতে পারিবেন।

গ। যৌথ বিনিয়োগ হিসাব পরিচালনার ব্যাপারে এই মর্মে অবশ্যই নির্দিষ্ট ছকে নির্দেশ থাকিবে যে হিসাবটি যে কোন একজন/উভয় কর্তৃক পরিচালিত হইবে। কোন নির্দিষ্ট নির্দেশ এর অনুপস্থিতিতে উভয় বিনিয়োগ হিসাবধারী কর্তৃক যৌথভাবে হিসাবটি পরিচালিত হইবে।

ঘ। হিসাব খোলার ফরমে নিম্নরূপ ছবি সংযুক্ত করিতে হইবে।
১) হিসাবধারীর ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সনাক্তকারী কর্তৃক সত্যায়িত)
২) হিসাব পরিচালনার জন্য নিযুক্ত ব্যক্তির ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি (হিসাবধারী কর্তৃক সত্যায়িত)
৩। নমিনীর ১ (এক) কপি পাসপোর্ট সাইজ ছবি (হিসাবধারী কর্তৃক সত্যায়িত)

ঙ। জনতা ব্যাংক লিমিটেড মার্চেন্ট ব্যাংকিং ইউনিট এর হিসাবধারী, মার্চেন্ট ব্যাংকিং ইউনিট এর কমকর্তা অথবা জনতা ব্যাংকের পাওয়ার অব এটর্নীধারী যে কোন কর্মকর্তা হিসাবধারীকে সনাক্ত করিতে পারিবেন।

চ। হিসাব পরিচালনার জন্য ক্ষমতা গ্রহণকারী ব্যক্তির জনতা ব্যাংক লিমিটেড, মার্চেন্ট ব্যাংকিং ইউনিট-এ হিসাব থাকিতে হইবে। একজন একাউন্ট হোল্ডার নিজের একাউন্টসহ সর্বোচ্চ ৫ টি হিসাব পরিচালনা করিতে পারিবেন।

ছ। জনতা ব্যাংক লিমিটেড এর নির্ধারিত ফরমের মাধ্যমে ক্ষমতা অর্পন প্রক্রিয়া সম্পাদন করিতে হইবে। বিনিয়োগ হিসাবের যাবতীয় কার্যাদি সম্পাদনের জন্য উক্ত ক্ষমতা প্রদান করিতে হইবে।

জ। হিসাব খোলার জন্য ন্যূনতম ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা নগদে/চেক/পে-অর্ডার মারফত জমা দিতে হইবে।

ঝ। যৌথ হিসাবের ক্ষেত্রে যে কোন একজন মৃত্যুবরন করিলে যদি তাহাদের হিসাবে এই মর্মে নির্দেশ থাকে যে, যে কোন একজন হিসাব পরিচালনা করিতে পারিবেন তাহা হইলে অপর জীবিত ব্যক্তি উক্ত হিসাব পরিচালনা করিতে পারিবেন। কোন হিসাবধারীর মৃত্যু সংক্রান্ত তথ্য তাৎক্ষনিকভাবে জনতা ব্যাংকের মার্চেন্ট ব্যাংকিং ইউনিটকে জানাইতে হইবে। হিসাব পরিচালনার জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি মৃত্যুবরন করিলে সেই সংক্রান্ত তথ্যও তাৎক্ষনিকভাবে জানাইতে হইবে। অন্যথায় আলোচ্য হিসাবসমূহে অনিয়ম হইলে ব্যাংক দায়ী হইবে না।

ঞ। হিসাব খোলার সময় হিসাবধারীর জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র/স্থানীয় পৌর/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

ট। ঋনের মাধ্যমে কোন "জেড" গ্রুপ ভূক্ত সিকিউরিটি ক্রয় করা যাবে না তবে হিসাবধারী/বিনিয়োগকারী নিজস্ব প্রয়োজনে জেড গ্রুপ ভূক্ত সিকিউরিটি ক্রয় করতে পারবেন।



Janata Bank Limited. Janata Bank Limited. Janata Bank Limited. Janata Bank Limited.

Janata Bank Limited. Janata Bank Limited. Janata Bank Limited. Janata Bank Limited.



## অঙ্গীকারনামা

ক। আমার/আমাদের বিনিয়োগ হিসাব স্বীকৃত স্টক এক্সচেঞ্জের তালিকাভূক্ত কোম্পানীসমূহের সিকিউরিটিজ বরাদ্দের জন্য আমার/আমাদের আবেদনের প্রেক্ষিতে আবেদন করিবার এবং বরাদ্দ পত্রের পরিবর্তে সিকিইরিটিজসমূহ গ্রহণ, আমার/আমাদের পক্ষে কোম্পানীর সাধারন সভায় অথবা অন্যান্য সভায় যোগদান, ভোট প্রদানসহ এতদসম্পর্কীয় অন্যান্য যাবতীয় কার্যাবলী সম্পাদন করিবার ক্ষমতা জনতা ব্যাংক লিমিটেড এর থাকিবে।

খ। আমার/আমাদের বিনিয়োগ হিসাবে আমার/আমাদের অনুরোধক্রমে বিভিন্ন কোম্পানির শেয়ার ক্রয়/বিক্রয় করিয়া ক্রয় মূল্য প্রদান ও বিক্রয় মূল্য আদায় করা, লভ্যাংশ এবং বোনাস ও রাইট শেয়ার ইত্যাদি সংগ্রহ করিয়া উক্ত বিনিয়োগ হিসাবে যাবতীয় তহবিল জমা রাখা এবং শেয়ার/তহবিল আমার/আমাদের অনুরোধক্রমে উত্তোলন করিতে দেওয়া এবং এতদসম্পর্কীয় অন্যান্য কার্যাবলী সম্পাদন করিবার অধিকার জনতা ব্যাংক লিমিটেড এর থাকিবে।

গ। আমার/আমাদের বিনিয়োগ হিসাবে কৃত বরাদ্দপত্রের স্বত্বত্যাগের (Renunciation) ব্যবস্থা করা, কৃত সিকিউরিটিজ এর ট্রান্সফার ও রেজিস্ট্রেশনের ব্যবস্থা এবং এতদসম্পর্কীয় অন্যান্য কার্যাবলী জনতা ব্যাংক লিমিটেড সম্পাদন করিতে পারিবে।

ঘ। বিনিয়োগ হিসাবে কৃত/বিক্রিত সিকিউরিটিজের/পত্রকোষের উপর নিম্নোক্তভাবে ফি/কমিশন ইত্যাদি আদায় করিবার ক্ষমতা কোম্পানির থাকিবে ঃ

| ক্রমিক নং | বিবরন | চার্জ, ফি/কমিশন (টাকায়) |
|---|---|---|
| ০১ | হিসাব খোলার ফর্ম | ২৫/- টাকা। |
| ০২ | ডকুমেন্টেশন চার্জ | ৫০০.০০ (পাঁচশত) টাকা। |
| ০৩ | ব্রোকারেজ ফি | মোট লেনদেনের উপর ০.৫০ %। |
| ০৪ | ব্যবস্থাপনা ফি | বার্ষিক ১%। আলোচ্য ফি ত্রৈমাসিক ভিত্তিতে পত্রকোষ মূল্যের উপর ভিত্তি করে নির্ধারণ করা হইবে যা বার্ষিক সর্বনিম্ন ৫০০ টাকা। |
| ০৫ | ঋনের উপর সুদ | বার্ষিক ১৩% যা ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত হইবে। |
| ০৬ | ষ্টেটমেন্ট চার্জ প্রতিটি | ১০/- টাকা। |

উক্ত ফি/কমিশন কোম্পানী কর্তৃক পরিবর্তন করা হলে আমি/আমরা উহা মানিয়া চলিব।

ঙ। বিনিয়োগ হিসাবে সিকিউরিটিজ ক্রয়/বিক্রয়ের উপর জনতা ব্যাংক লিমিটেড সময়ে সময়ে নির্ধারিত হারে ব্রোকারেজ, সার্ভিস চার্জ ও অন্যান্য ফি আদায় করিতে পারিবে।

চ। শেয়ার বাজারে সিকিউরিটিজ এর মূল্য উঠা নামার কারণে অথবা অন্য কোন কারনে আমার/আমাদের বিনিয়োগ হিসাবে কোন ক্ষতি হইলে জনতা ব্যাংক লিমিটেড / জনতা ব্যাংক লিমিটেডএর এ্যাটর্নী ইহার জন্য দায়ী থাকিবেন না।

ছ। বিনিয়োগ হিসাবে প্রদেয়/প্রদত্ত মার্জিন ঋনের ব্যাপারে জনতা ব্যাংক লিমিটেড এর প্রচলিত নিয়মাবলী মানিয়া চলিতে আমি/আমরা বাধ্য থাকিব।

জ। আমার/আমাদের বিনিয়োগ হিসাবের ঋনের উপর সময় সময় জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক নির্ধারিত হারে সুদ ও অন্যান্য ফি/কমিশন আদায় করিবার অধিকার জনতা ব্যাংক লিমিটেড এর থাকিবে।

ঝ। আমার/আমাদের বিনিয়োগ হিসাবে প্রয়োজনীয় মার্জিন রক্ষার যথাযথ ব্যবস্থা গ্রহনে বাধ্য থাকিব। অন্যথায় বকেয়া আদায়ের জন্য আমার/আমাদের হিসাবে রক্ষিত সিকিউরিটিজ বিক্রয়ের জন্য জনতা ব্যাংক লিমিটেড এর ক্ষমতা থাকিবে।

Janata Bank Limited. Janata Bank Limited. Janata Bank Limited. Janata Bank Limited.

Janata Bank Limited. Janata Bank Limited. Janata Bank Limited. Janata Bank Limited.



## অঙ্গীকারনামা

ঞ। আমার/আমাদের বিনিয়োগ হিসাব হইতে উদ্বৃত্ত অর্থ, সিকিউরিটিজ এর বিক্রয়লব্ধ অর্থ এবং সিকিউরিটিজ উত্তোলনের জন্য ব্যক্তিগতভাবে হাজির হইয়া উক্ত অর্থ অথবা সিকিউরিটিজ গ্রহণ করিব অথবা জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক নির্ধারিত ফর্মের মাধ্যমে যথাযথ ক্ষমতা প্রদানপূর্বক আমার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে উত্তোলনের ব্যবস্থা গ্রহণ করিব।

ট। আমার/আমাদের বিনিয়োগ হিসাব হইতে আমার/আমাদের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক সিকিউরিটিজ ক্রয়/বিক্রয় এবং অর্থ ও সিকিউরিটিজ উত্তোলন সম্পর্কে যদি কোন অবাঞ্ছিত ঘটনা উদ্ভব হয় তবে সে বিষয়ে আমি/আমার সকল প্রকার দায়দায়িত্ব নিজেরাই বহন করিব।

ঠ। আমার/আমাদের বিনিয়োগ হিসাবে বিনিয়োজিত সিকিউরিটিজ এর মূল্যের ঘাটতিজনিত ঝুঁকি আমি/আমরা বহন করিব।

ড। আমার/আমাদের বিনিয়োজিত অর্থ এবং জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক প্রদেয় ঋণ প্রাথমিক ও দ্বিমাত্রিক বাজারের তালিকাভূক্ত (Listed) ও অ-তালিকাভূক্ত (Unlisted) বিভিন্ন সিকিউরিটিজ-এ বিনিয়োগ করা যাইবে। জনতা ব্যাংক লিমিটেড উক্ত সিকিউরিটিজসমূহের হেফাজতকারীর দায়িত্ব পালন করিবে।

আমি/আমার উপরে বর্নিত নিয়ম ও শর্তসমূহ সজ্ঞানে সম্পূর্নভাবে অনুধাবন করিয়াছি। আমি/আমরা এই সকল শর্ত ও নিয়মাবলী যথাযথ মানিয়া চলিবার জন্য অঙ্গিকারাবদ্ধ হইলাম।

--------------------------------
ক্ষমতা গ্রহণকারী ব্যক্তির স্বাক্ষর

আবেদনকারীর স্বাক্ষর ১। ------------------------------ ২।

হিসাব নং ঃ (নিজ ও পরিচালনার জন্য ক্ষমতাপ্রাপ্ত হিসাবসমূহ)

| | |
|---|---|
| নাম ঃ ---------------------------------------- | বিনিয়োগ হিসাব নম্বর ঃ ................ |
| নাম ঃ ---------------------------------------- | বিনিয়োগ হিসাব নম্বর ঃ ................ |
| নাম ঃ ---------------------------------------- | বিনিয়োগ হিসাব নম্বর ঃ ................ |
| নাম ঃ ---------------------------------------- | বিনিয়োগ হিসাব নম্বর ঃ ................ |
| নাম ঃ ---------------------------------------- | বিনিয়োগ হিসাব নম্বর ঃ ................ |

### জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক পূরনযোগ্য

সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ

Janata Bank Limited. Janata Bank Limited. Janata Bank Limited. Janata Bank Limited.